

ভালো থাকো পর্ণমোচী। শাওন নন্দী

১.

ভালো থাকো পর্ণমোচী, ভালো থাকো পুরনো অশ্বখ  
কাল রাত্রে মৃত্যু এল... খুব রাতে...  
আমি তাকে চৌকাঠে গুতে দিয়ে, তোমাদের এই কথা বলতে এসেছি...

২.

এত লোক গল্প খোঁজে!... এত লোক উৎসবে মগ্ন।...  
আমি জীবনের কাছে কী চেয়েছি—মাটি কিংবা আলো?  
তোমাদের গল্পগুলো ভালোই তো ... অন্ধকারে ... ভালো ...

৩.

দুঃখ থেকে মাত্র কয়েক হাত দূরে দাঁড়িয়ে আমি ভাবছি  
পুরনো বন্ধুর চেনা মুখ  
খুব দেরি হয়ে গেল?

৪.

আমিও ভাসানে যাবো ...  
চারিদিকে ঢাক বাজছে ... জল বাজছে ... মানুষের ঢল ...  
খড়ের কাঠামো, তুমি ভুলে যাও মাটির সম্বল!

৫.

শব্দহীন ঝরে গেলে তার একটা সম্ভ্রম আছে  
তারা না-ই হই, তবু তারাখসা যেন ...  
ও' শব্দ ... এ-যাওয়াকে তুমি আর লজ্জিত কোরো না!

প্রাকৃত। সস্তোষ মুখোপাধ্যায়

মেঘ ও ময়ূর নয়, কিছু চেউ নিয়ে দাঁড়িয়েছে রাস্তার বাঁক  
ওপারের বনজঙ্গল ভেঙে ছুটে আসছে সঙ্গীহীন নীল একা-গাড়ি।  
আজ লোকগীতি আর সবুজ রঙের আলো দলবেঁধে যাবে ওই  
দীনদুঃখীর অসুখের ঘরে—  
পাহাড়ের শিরা বেয়ে নেমে আসছে আলোকিত বিকেলের সারি।

আজ অনিশ্চয় দিন—

আজ কোন দুঃখের কথা ভাবতে নেই।